দৈনিক ইত্তেফাক

তারিখ ... 29 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

# ২১ জুলাইয়ের মধ্যে মূল আবেদনপত্র জমা দিতে হবে: পিএসসি

## ইঞ্জিনিয়ারিং কলেজে সরাসরি নিয়োগ

শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি শিক্ষা অধিদফতরের ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের বিভিন্ন পদে সরাসরি পন্থায় জনবল নিয়োগের লক্ষ্যে ২৮/০২/২০১৬ তারিখে বিজ্ঞাপিত ক্রমিক নং ৪, ৫, ৭, ৮, ৯ ও ১০-এ বর্ণিত ১২ ক্যাটাগরির পদে গত ২৯/০২/ ২০১৬ তারিখ থেকে ২১/ ০৩/ ২০১৬ তারিখ পর্যন্ত বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি) কর্তৃক আবেদনপত্র অনলাইনে গ্রহণ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে অনলাইনে যারা আবেদন করেছেন তারা কমিশনের ওয়েবসাইট (www.bpsc.gov.bd) থেকে বিপিএসসি ফরম-৩ (মূল আবেদনপত্র) ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, অভিজ্ঞতার সনদপত্র ও নম্বরপত্র (গ্রেড/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে) এবং তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ১১/০৭/২০১৬ থেকে ২১/০৭/২০১৬ তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে সকাল ১০টা থেকে বিকাল ৪টার মধ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়ে সরাসরি জমা দেওয়া যাবে। এ ছাড়া ডাকযোগে (রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে) পাঠানো যাবে। নির্ধারিত সময়ের মধ্যে মূল আবেদনপত্র জমা দিতে ব্যর্থ হলে প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন না, অর্থাৎ তার প্রার্থিতা বাতিল হবে।—প্রেস বিজ্ঞপ্তি